

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০০৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ নিষিদ্ধ কিছু কথা

## আরবী

عَنْ أَبِيْ هُرَيرَةَ قَالَ: قَالَ رَسُوْلُ الله عَلَيْ المُوْمِنُ القَوِيُّ خَيرٌ وَأَحَبُّ إِلَى اللهِ مِنَ المُوْمِنِ المَوْمِنِ الضَّعيفِ وَفي كُلِّ خَيرٌ احْرِصْ عَلَى مَا يَنْفَعُكَ واسْتَعِنْ بِاللهِ وَلاَ تَعْجَزْ وَإِنْ المُؤْمِنِ الضَّعيفِ وَفي كُلِّ خَيرٌ احْرِصْ عَلَى مَا يَنْفَعُكَ واسْتَعِنْ بِاللهِ وَلاَ تَعْجَزْ وَإِنْ أَصَابَكَ شَيءٌ فَلاَ تَقُلْ لَوْ أَنِّي فَعَلْتُ كَانَ كَذَا وَكَذَا وَلَكِنْ قُلْ: قَدرُ اللهِ وَمَا شَاءَ فَعلَ ؛ فَانَ لَوْ أَنِّي فَعَلْتُ كَانَ كَذَا وَكَذَا وَلَكِنْ قُلْ: قَدرُ اللهِ وَمَا شَاءَ فَعلَ ؛ فَإِنَّ لَوْ تَفْتَحُ عَمَلَ الشَّيطَانِ رواه مسلم

## বাংলা

(৩০০৩) আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেন, (দেহমনে) সবল মু'মিন আল্লাহর নিকট দুর্বল মু'মিন অপেক্ষা বেশী প্রিয়। আর প্রত্যেকের মধ্যে কল্যাণ রয়েছে। তুমি ঐ জিনিসে যত্নবান হও, যাতে তোমার উপকার আছে এবং আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা কর ও উৎসাহহীন হয়ো না। যদি তোমার কিছু ক্ষতি হয়, তাহলে এ কথা বলো না যে, 'যদি আমি এ রকম করতাম, তাহলে এ রকম হত।' বরং বলো, 'আল্লাহর (লিখিত) ভাগ্য এবং তিনি যা চেয়েছেন তাই করেছেন।' কারণ, 'যদি' (শব্দ) শয়তানের কাজের দুয়ার খুলে দেয়।

## ফুটনোট

(মুসলিম ৬৯৪৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন